গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, সাভার, ঢাকা
doict.savar.dhaka.gov.bd

**স্মারক নম্বর:** ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.১৪.০০০১.২৬.৪৯

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

**বিষয়: ঝড়-বৃষ্টি ও বজ্রপাতের সময় ব্রডব্যান্ড সংযোগের রাউটার, ONU ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইসের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলার জন্য নির্ধারিত ISP Optimax Communication Ltd. কর্তৃক বরাদ্দকৃত ২৬২টি ব্রডব্যান্ড সংযোগের মধ্যে এ পর্যন্ত ৭৬টি সংযোগ প্রদান করা হয়েছে। উক্ত ৭৬টি End User Connectivity-এর মধ্যে বর্তমানে ৪৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ১টি উপজেলা আইসিটি অফিসে ব্রডব্যান্ড সংযোগ সচল রয়েছে।

সম্প্রতি ঝড়-বৃষ্টি ও বজ্রপাতজনিত কারণে বিভিন্ন প্রতিষ্ঠানে স্থাপিত রাউটার, ONU ও ইলেকট্রনিক ডিভাইস ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি বৃদ্ধি পেয়েছে।

এমতাবস্থায়, সরকারি সম্পদের সুরক্ষা নিশ্চিতকরণ এবং নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা বজায় রাখার স্বার্থে সংযুক্ত নোটিশে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) ঝড় বৃষ্টির সময় আপনার ROUTER-ONU ও ইলেকট্রনিক ডিভাইস সুরক্ষায় যা করবেন

১৫-০৭-২০২৬
ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার
ইমেইল : ictofficersavar@gmail.com

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ প্রতিষ্ঠান প্রধান
.............................................., সাভার, ঢাকা।

**স্মারক নম্বর:** ৫৬.০৪.২৬৭২.০০০.০০১.১৪.০০০১.২৬.৪৯/১ (৬)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাভার, ঢাকা।
৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সাভার, ঢাকা।
৫। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, সাভার, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১৫-০৭-২০২৬
ফাতেমা-তুজ-জান্নাত
উপজেলা আইসিটি অফিসার

# <u>জরুরী নোটিশ</u>

## ঝড় বৃষ্টির সময় আপনার ROUTER, ONU ও ইলেকট্রনিক ডিভাইস সুরক্ষায় যা করবেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভাগের 'ডিজিটাল সংযোগ স্থাপন (EDC)' প্রকল্পের মূল লক্ষ্য হলো তৃণমূল পর্যায় পর্যন্ত ডিজিটাল অবকাঠামো ও ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ সম্প্রসারণ করা। এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক, সমাজসেবা, কমিউনিটি ক্লিনিক ও ভূমি অফিসে নিরবচ্ছিন্ন ইন্টারনেট নিশ্চিত করতে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের কাজ চলমান আছে। আমরা ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠানে রাউটার এবং অনু ব্যাবহার করে ইন্টারনেট সংযোগ দিয়েছি তা সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা জরুরী প্রয়োজন।

উল্লেখ্য যে, চুক্তির নিয়ম অনুযায়ী সংযোগ দেওয়ার ১ বছর পর্যন্ত রাউটার এবং অনুর ম্যানুফ্যাকচারিং ওয়ারেন্টি কার্যকর থাকে। ওয়ারেন্টি পিরিয়ড শেষ হবার পর যদি কোন কারণে তা ব্যাবহার অনুপযোগী হয়ে পরে তাহলে স্ব স্ব প্রতিষ্ঠান নিজ দায়িত্বে তা রক্ষনা বেক্ষন অথবা ক্রয় করবে। এক্ষেত্রে রাউটার এর মডেল অবশ্যই অপরিবর্তিত অথবা প্রকল্প অফিসের পরামর্শক্রমে ক্রয় করে সংযোগ সচল রাখতে হবে। বৈদ্যুতিক শর্ট সার্কিট এবং বার্ন কেসের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ডিভাইস ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

**<u>এই ব্যাপারে রাউটার, অনু এবং ইলেক্ট্রনিক ডিভাইস সুরক্ষিত রাখার সঠিক উপায়গুলো নিচে দেওয়া হলোঃ</u>**

আমরা জানি বজ্রপাত এবং ইলেকট্রিক ওভার ভোল্টেজ (Voltage Surge) থেকে ওয়াই-ফাই রাউটার, অনু এবং ইলেক্ট্রনিক ডিভাইস সুরক্ষিত রাখতে সবচেয়ে কার্যকরী উপায় হলো সঠিক পাওয়ার ম্যানেজমেন্ট ও সার্জ প্রটেকশন ব্যবহার করা।

- **সার্জ প্রোটেক্টর ব্যবহার করুন (Surge Protector):** সাধারণ মাল্টিপ্লাগের বদলে ভালো মানের সার্জ প্রোটেক্টর ব্যবহার করুন। এটি অতিরিক্ত বিদ্যুৎপ্রবাহ বা ভোল্টেজ স্পাইক (Surge) থেকে রাউটার এবং অনুকে তাৎক্ষণিক রক্ষা করে।

- **বজ্রপাতের সময় সংযোগ বিচ্ছিন্ন করুনঃ** ঝড়-বৃষ্টি বা বজ্রপাতের পূর্বাভাস থাকলে রাউটারের পাওয়ার অ্যাডাপ্টার এবং অনু/ইথারনেট ক্যাবল—দুটোই ওয়াল সকেট থেকে খুলে রাখুন।

- **ইউপিএস (UPS) ব্যবহার করুনঃ** রাউটারের এবং অনুর জন্য একটি ছোট ইউপিএস (Uninterruptible Power Supply) ব্যবহার করতে পারেন। এটি নিরবচ্ছিন্ন বিদ্যুতের পাশাপাশি ভোল্টেজ ওঠানামা (Fluctuation) নিয়ন্ত্রণ করে।

- **আর্থিং ব্যবস্থা নিশ্চিত করুনঃ** প্রতিষ্ঠানের বৈদ্যুতিক সংযোগে সঠিক আর্থিং (Earthing) ব্যবস্থা আছে কিনা তা একজন ভালো ইলেক্ট্রিশিয়ান দ্বারা পরীক্ষা করুন। এটি অতিরিক্ত বিদ্যুৎ মাটিতে পাঠিয়ে দিয়ে ডিভাইসকে নিরাপদ রাখে।

-------

**কাস্টমার কেয়ার ডিপার্টমেন্ট**
অপটিম্যাক্স কমিউনিকেশন লিমিটেড
বাসা#৬, রোড#২৮, ব্লক# কে
বনানী, ঢাকা-১২১৩

**হেল্পলাইন নাম্বারঃ 09611708090, 01763-868899, 01757-621133 & 01334-948239**